দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 JUN 2012
পৃষ্ঠা ২০ কলাম ৫

# বিরল ত্যাগের দৃষ্টান্ত স্থাপন করলেন ঢাবি ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ত্যাগ ও সততার বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৭তম উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশ্ববিদ্যালয়ের আর্থিক সঙ্কট দূরীকরণকে সহজতর করতে নিজের প্রাপ্য এক কোটি ২৫ লাখ টাকার সিটিং এ্যালাউন্স গ্রহণ না করে এ দৃষ্টান্ত স্থাপন করেছেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের বাজেটে ঘাটতি মেটাতে গত সাত বছর ধরে

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## বিরল ত্যাগের

(২০-এর পৃষ্ঠার পর)

কোন ধরনের সভা থেকে সিটিং এ্যালাউন্স বাবদ অর্থ গ্রহণ করেননি উপাচার্য আরেফিন সিদ্দিক। উপাচার্যের এই বিরল ত্যাগের বিষয়টি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে সবার সামনে তুলে ধরেন।

অধিবেশনের লিখিত বাজেট বক্তৃতায় ঢাবি কোষাধ্যক্ষ বলেন, একটি বিষয় উল্লেখ না করে পারছি না যে, এখনও ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক নরেশ সেনগুপ্তের মতো ত্যাগী অধ্যাপক শিক্ষক আছেন। বিশ্ববিদ্যালয়ের উচ্চপদে অধিষ্ঠিত প্রো-উপাচার্য, কোষাধ্যক্ষসহ সকলেই বিভিন্ন পর্যায়ের সভাসমূহের জন্য 'সিটিং এ্যালাউন্স' অত্যন্ত আনন্দের সঙ্গে গ্রহণ করেন। শুধুমাত্র আমাদের উপাচার্য বিশ্ববিদ্যালয়ের ঘাটতি কমানোর জন্য কোন সিটিং এ্যালাউন্স গ্রহণ করেননি। আমার হিসাবে গত সাত বছরে তিনি বিশ্ববিদ্যালয়ের কমপক্ষে প্রায় এক কোটি ২৫ লাখ টাকা সাশ্রয় করেছেন। উচ্চ নৈতিকতার জন্য এটা একটি অনুকরণীয় দৃষ্টান্ত নয় কি?